

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৩০/২০১৬

অভিযোগকারী : জনাব শ্রীধাম কর্মকার
পিতা-সঞ্জু কর্মকার
গ্রাম+পোস্ট-বিপুলাসার
থানা-মনোহরগঞ্জ, জেলা-কুমিল্লা।

প্রতিপক্ষ : জনাব বিষ্ণুপদ ঘোষ
উপজেলা প্রকৌশলী
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
মনোহরগঞ্জ, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র

(তারিখ : ০৩-০৮-২০১৬ ইং)

অভিযোগকারী ১৬-০৩-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে প্রধান প্রকৌশল কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা প্রকৌশল অফিস, মনোহরগঞ্জ, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) বিপুলাসার থেকে মনোহরগঞ্জ পর্যন্ত রাস্তা তৈরির টেন্ডার আহবান কোন পত্রিকায় কত তারিখে প্রকাশ করা হয়? উক্ত বিজ্ঞপ্তির ফটোকপি।
- খ) দরপত্র বিজ্ঞপ্তি **Central Procurement Technical Unit (CPTU)** ওয়েবসাইটে আপলোড করা হয়েছে কিনা? হয়ে থাকলে তার স্ক্রিনসট।
- গ) উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে প্রাক্কলন (Estimate) পাশ করা হয়েছে কি না? হয়ে থাকলে তার কপি ও মেমো নং।
- ঘ) এই রাস্তার কাজ শুরু আগে Feasibility study করা হয়েছিল কি না? হয়ে থাকলে তার কপি।
- ঙ) এই রাস্তার কাজ শুরু আগে Social Impact Assessment (SIA) রিপোর্ট করা হয়েছিল কি না? হয়ে থাকলে তার কপি।

২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১১-০৪-২০১৬ তারিখে নির্বাহী প্রকৌশলী ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), এলজিইডি অফিস, কুমিল্লা বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। প্রদত্ত তথ্য আংশিক ও অগ্রহণযোগ্য উল্লেখ করে পরবর্তিতে অভিযোগকারী ১৮-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

৩। ১০-০৭-২০১৬ তারিখের সভায় অভিযোগটি পর্যালোচনান্তে শুনানীর জন্য গ্রহণ করা হয়। অভিযোগের বিষয়ে ০৩-০৮-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ০৩-০৮--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।

৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে রেজিস্ট্রি ডাকযোগে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর প্রাপ্ত তথ্য আংশিক ও অগ্রহণযোগ্য উল্লেখ করে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন এবং পূর্ণাঙ্গ তথ্য পাওয়ার জন্য তথ্য কমিশনের নির্দেশনা কামনা করেন।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা প্রকৌশলী (ভারপ্রাপ্ত) তার বক্তব্যে উল্লেখ করেন যে, বর্তমানে তিনি বিভাগীয় বদলীর আদেশের পরিপ্রেক্ষিতে অন্য জেলায় বদলী হয়ে গেছেন। তবে বদলীর পূর্বে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তিনি সমস্ত দায়-দায়িত্ব হস্তান্তর করে এসেছেন। অভিযোগকারীর চাহিত তথ্যাদি অভিযোগকারীকে সরবরাহ করার জন্য তিনি বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশনা দেওয়ার জন্য কমিশনের নিকট বিনীত প্রার্থনা করেন। একইসাথে তিনি কমিশনের নিকট অভিযোগকারীর চাহিত সকল তথ্যাদি সরবরাহ করার ব্যাপারে বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার ব্যাপারে সহযোগিতা করার নিশ্চয়তা প্রদান করায় তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থিত পূর্ণাংগ তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব বিষ্ণুপদ ঘোষ, উপজেলা প্রকৌশলী ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, মনোহরগঞ্জ, কুমিল্লা কে নির্দেশনা দেয়া হলো। একইসাথে প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অভিযোগকারীর চাহিত তথ্যাদি সরবরাহ করার নিমিত্ত সহযোগিতা প্রদান করবেন মর্মে নির্দেশ প্রদান করা হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার